রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ০৫-আইন/২০১৯।—The Censorship of Films Act, 1963 (Act No. XVIII of 1963) এর section 10 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট কোনো পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : টাকা ১২.০০

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) উক্তরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্তের ক্ষেত্রে, তদন্তের ফলাফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় হইতে দ্বিতীয় বা প্রথম শ্রেণি এবং দ্বিতীয় হইতে প্রথম শ্রেণির কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) এই বিধিমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে নিয়োগের কোটা বিভাজনের কোনো ভগ্নাংশ দেখা দিলে, উভয় কোটার ভগ্নাংশের সমষ্টিকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যোগ করিতে হইবে।

৬। শিক্ষানবিশ।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১(এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষনবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসার ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এতদ্দ্বারা—

(ক) Class II Gazetted Officers and Non-Gazetted Employees (Bangladesh Film Censor Board) Recruitment Rules, 1979; এবং

(খ) Gazetted Officers (Bangladesh Film Censor Board) Recruitment Rules, 1980—

রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত বিধিমালাসমূহের অধীন যে সকল কার্যাদি ইতোমধ্যে নিষ্পন্ন হইয়াছে, তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা কার্যকর হইবার তারিখে কোনো কার্য অনিষ্পন্ন থাকিলে তাহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল-১
[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | চলচ্চিত্র পরিদর্শক | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) প্রধান সহকারী পদসহ উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে যৌথভাবে সর্বমোট ৭(সাত) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা; অথবা<br>(খ) উচ্চমান সহকারী বা সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>(খ) চলচ্চিত্র শিল্প ও সিনেমা হল সম্পর্কে অভিজ্ঞতাসহ চিত্রনাট্য ও গল্প সম্পর্কিত জ্ঞান;<br>(গ) বাংলা ও ইংরেজি ভাষায় দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২ | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা ক্যালিগ্রাফার পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকরি; অথবা<br>(খ) ক্যালিগ্রাফার পদসহ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে যৌথভাবে সর্বমোট ৭(সাত) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে বাংলায় ৫০টি শব্দ এবং ইংরেজিতে ৮০টি শব্দ;<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি শব্দ এবং ইংরেজিতে ৩০টি শব্দ; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | মাল্টিমিডিয়া অপারেটর এন্ড ভিডিও ক্যামেরাম্যান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) প্রজেকশনিস্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি;<br>(খ) মাল্টিমিডিয়া এবং ভিডিও ক্যামেরা চালনায় ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ মাল্টিমিডিয়া এবং ভিডিও ক্যামেরা চালনায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫টি শব্দ এবং ইংরেজিতে ৭০টি শব্দ;<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি শব্দ এবং ইংরেজিতে ৩০টি শব্দ; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭ | ক্যালিগ্রাফার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ক্যালিগ্রাফিতে দক্ষতা ও বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ক্যালিগ্রাফিতে দক্ষতা ও বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮ | ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণি পাস; এবং<br>(খ) ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৯ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) মোট পদের ২৫% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২০টি শব্দ এবং ইংরেজিতে ২৫টি শব্দ; এবং<br>(খ) অফিস সহায়ক (উচ্চ স্কেল) পদসহ অফিস সহায়ক পদে যৌথভাবে সর্বমোট ৯(নয়) বৎসরের চাকরি; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) মোট পদের ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (গ) অফিস সহায়ক পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি শব্দ এবং ইংরেজিতে ৩০টি শব্দ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | প্রজেকশনিস্ট | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) সিনেমা প্রজেক্টর ও কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা; এবং<br>(খ) ফটোকপি অপারেটর পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি; অথবা<br>(গ) ফটোকপি অপারেটর পদসহ অফিস সহায়ক (উচ্চ স্কেল) পদে যৌথভাবে সর্বমোট ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(ঘ) অফিস সহায়ক (উচ্চ স্কেল) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) সিনেমা প্রজেক্টর চালনায় ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(ক) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) অফিস সহায়ক (উচ্চ স্কেল) পদসহ অফিস সহায়ক পদে যৌথভাবে সর্বমোট ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(গ) অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ১২ | অফিস সহায়ক (উচ্চ স্কেল) | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ১৩ | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪ | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। |

## তফসিল-২
[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

উচ্চমান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, মাল্টিমিডিয়া অপারেটর এন্ড ভিডিও ক্যামেরাম্যান, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, ক্যালিগ্রাফার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং প্রজেকশনিস্ট পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | | ৫০% | ৯০ মিনিট |
| | (ক) বাংলা | ২০ | | |
| | (খ) ইংরেজি | ২০ | | |
| | (গ) গণিত | ২০ | | |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট নম্বর | ৭০ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | ৩০ | | |
| | সর্বমোট নম্বর | ১০০ | | |

ব্যাখ্যা।—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এর অভিজ্ঞতা থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd